# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

## ১. ভূমিকা

১৯৮৫ সালে ২১ নং অধ্যাদেশ বলে (The Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance No XXI, 1985) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন গঠন করা হয়। সমগ্র দেশে তৈল, গ্যাস, কয়লা, চুনাপাথর, কঠিন শিলা ও অন্যান্য খনিজ সম্পদের অনুসন্ধান, উত্তোলন, সঞ্চালন ও বাজারজাতকরণ এই কর্পোরেশনের প্রধান দায়িত্ব। আলোচ্য কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এই কর্পোরেশনের অধীনে মোট ১৩টি কোম্পানি কার্যরত আছে। এর মধ্যে শুধু গ্যাস উৎপাদন কাজে ২টি কোম্পানি, তৈল, গ্যাস অনুসন্ধান ও উত্তোলন কাজে ১টি কোম্পানি, ১টি কোম্পানি গ্যাস সঞ্চালন, ৬টি কোম্পানি গ্যাস বিতরণ ব্যবস্থায় নিয়োজিত, ১টি কোম্পানি যানবাহনে জ্বালানি হিসেবে গ্যাস ব্যবহার পরীক্ষাদি ও বাণিজ্যিক ভিত্তিতে সি.এন.জি ও এল.পি.জি বাজারজাতকরণ প্রক্রিয়ায় নিয়োজিত রয়েছে। এছাড়া খনিজ সম্পদ আহরণ ও বাজারজাতকরণের জন্য ২টি কোম্পানি নিয়োজিত রয়েছে।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের বর্তমানে ২৭টি গ্যাস ক্ষেত্র রয়েছে। গ্যাস ক্ষেত্রগুলি হচ্ছে সিলেট, জালালাবাদ, ছাতক, তিতাস, হবিগঞ্জ, বেগমগঞ্জ, বিয়ানীবাজার, ফেনী, ফেঞ্চুগঞ্জ, কামতা, মেঘনা, নরসিংদী, কৈলাশটিলা, রশিদপুর, বাখরাবাদ, সেমুতাং, কুতুবদিয়া, শাহবাজপুর, সাংগু, সালদা নদী, বিবিয়ানা, মৌলভীবাজার, বাংগুড়া, সুন্দলপুর, রূপগঞ্জ, শ্রীকাইল ও ভোলা-নর্থ। উল্লিখিত ২৭টি গ্যাস ক্ষেত্রের মধ্যে বর্তমানে ২০টি গ্যাস ক্ষেত্র হতে গ্যাস উত্তোলন করা হচ্ছে। তৈল/গ্যাস ও খনিজ সম্পদ উত্তোলন ও বিতরণ কার্যে নিয়োজিত কোম্পানিসমূহের নাম নিম্নে প্রদত্ত হলো:

**ক. উৎপাদন কার্যে নিয়োজিত কোম্পানিসমূহ**

১. বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লি.
২. সিলেট গ্যাস ফিল্ডস লি.

**খ. অনুসন্ধান ও উৎপাদন কাজে নিয়োজিত কোম্পানি**

১. বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লি.

**গ. গ্যাস সঞ্চালন কাজে নিয়োজিত কোম্পানি**

১. গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি.

**ঘ. বিতরণ কাজে নিয়োজিত কোম্পানিসমূহ**

১. তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.
২. জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লি.
৩. বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.
৪. পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লি.
৫. কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.
৬. সুন্দরবন গ্যাস কোম্পানি লি.

**ঙ. যানবাহনে গ্যাস জ্বালানি হিসাবে ব্যবহারের কাজে নিয়োজিত কোম্পানি**

১. রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লি.

**চ. খনিজ সম্পদ আহরণের কাজে নিয়োজিত কোম্পানিসমূহ**

১. বড় পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লি.
২. মধ্য পাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লি.

## ২. রূপকল্প (Vision)

প্রাথমিক জ্বালানির নিরাপদ উৎপাদন ও সরবরাহ নিশ্চিতকরণ।

## ৩. অভিলক্ষ্য (Mission)

প্রাকৃতিক গ্যাস ও কয়লা অনুসন্ধান, উত্তোলন, আহরণ, বিতরণ, এলএনজি আমদানি ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সকল অঞ্চল এবং আর্থ-সামাজিক গ্রুপের অন্তর্ভুক্ত সকলকে জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণ।

## ৪. প্রধান কার্যাবলী

- খনন ও খনিজ অনুসন্ধান কার্যক্রমের মাধ্যমে তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ এর উপস্থিতি, রিজার্ভের হিসাব এবং খনিজ সম্পদ আহরণের উদ্দেশ্যে উপযুক্ত আহরণ ও খনন পদ্ধতি পরিচালনা;
- তৈল, গ্যাস ও খনিজ সম্পদ উৎপাদন ও বিক্রয় এবং বিভিন্ন সময় সরকার কর্তৃক প্রদত্ত দায়িত্ব এবং কর্তব্য সম্পাদন;
- আবিষ্কৃত কয়লা ক্ষেত্রের উন্নয়ন ও তার সর্বোচ্চ ব্যবহারে প্রকল্প গ্রহণ, পরিচালনা ও নির্বাহকরণ;
- অনবায়নযোগ্য জ্বালানি দক্ষতা বৃদ্ধিকল্পে পদক্ষেপ গ্রহণ;
- তৈল, গ্যাস ও খনিজ বিষয়ে এবং প্রাকৃতিক গ্যাসের বিকল্প ব্যবহারে গবেষণা পরিচালনা;
- বর্ধিত জ্বালানি চাহিদা পূরণকল্পে এলএনজি আমদানিকরণ এবং
- তৈল, গ্যাস ও খনিজ সম্পদ আবিষ্কার ও উন্নয়নের উদ্দেশ্যে পরিকল্পনা প্রণয়ন ও সম্পাদন।

## ৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- জ্বালানির সার্ভে ও অনুসন্ধান খনন কার্যক্রম জোরদারকরণ;
- জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ;
- জ্বালানির সঞ্চালন ব্যবস্থা শক্তিশালিকরণ;
- জ্বালানির পর্যাপ্ত মজুদ গড়ে তোলা;
- জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণ এবং অপচয় রোধে দক্ষ ব্যবস্থাপনা গড়ে তোলা;
- খনিজ পদার্থের অনুসন্ধান ও আহরণ জোরদারকরণ এবং
- মানব সম্পদ উন্নয়ন।

## ৬. বিগত তিন বছরের অর্জনসমূহ

- সাম্প্রতিক সময়ে পেট্রোবাংলার আওতায় ৯টি অনুসন্ধান কূপ খনন, ১৭টি উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন এবং ১টি গ্যাস ক্ষেত্র (ভোলা-নর্থ) আবিষ্কৃত হয়েছে ও ১টি ওয়ার্কওভার রিগ ক্রয় করা হয়েছে।
- ১১৩৩৬ কি.মি. দ্বিমাত্রিক লাইন এবং ১৩০৫ বর্গ কি.মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন করা হয়েছে।
- জাতীয় কোম্পানি ও উৎপাদন বন্টন চুক্তির অধীনে আইওসি'র মাধ্যমে গ্যাস উৎপাদিত হচ্ছে। বিগত বছরসমূহের তুলনায় বর্তমানে গ্যাস সরবরাহ বৃদ্ধি পেয়ে ৩১১৪ এমএমসিএফডিতে উন্নীত হয়েছে।
- গ্যাস সঞ্চালনের জন্য দেশের বিভিন্ন স্থানে ১৯৫ কি.মি.গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ করা হয়েছে। বর্তমানে ভূ-গর্ভস্থ খনি উন্নয়নের মাধ্যমে কয়লা উত্তোলনের কাজও অব্যাহত রয়েছে যার দৈনিক গড় উৎপাদনের পরিমাণ প্রায় ৪০০০ মেট্রিক টন।

## ৭. সংস্থার Key Performance Indicators (KPI)

- গ্যাস অনুসন্ধান কূপ খনন;
- উন্নয়ন ও উৎপাদন কূপ খনন;
- আইওসি ও জাতীয় কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন;
- গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন;
- ২ডি ও ৩ডি সিসমিক সার্ভে সম্পাদন;
- শিলা উত্তোলনের পরিমাণ;
- উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস্;
- উৎপাদিত এনজিএল;
- কয়লা আহরণের পরিমাণ;

- কম্প্রেসার স্টেশন স্থাপন
- অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ;
- প্রিপেইড মিটার স্থাপন এবং
- এলএনজি আমদানি

## ৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- দেশের প্রধান জ্বালানি প্রাকৃতিক গ্যাসের ব্যবহার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে গ্যাসের চাহিদা প্রায় ৩,৬০০ এমএমসিএফডি এর বিপরীতে আমদানিকৃত আর – এলএনজি দৈনিক ৫০৯ এমএমসিএফডি সরবরাহসহ মোট প্রায় ৩১১৪ এমএমসিএফডি হারে গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে ২৭ টি গ্যাস ফিল্ডে অবশিষ্ট মজুদের পরিমাণ ১১.৪৭ টিসিএফ। এ মজুদ দ্বারা এখনই চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে না।
- কিছু কিছু ফিল্ডে উৎপাদন হ্রাস পেলেও কিছু কিছু ফিল্ডে আগামীতে উৎপাদন বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। সুতরাং, উৎপাদন বৃদ্ধি ও নতুন গ্যাস ক্ষেত্র আবিষ্কার এই মুহূর্তে গ্যাস সেক্টরের জন্য বড় চ্যালেঞ্জ। এছাড়া, বর্তমান প্রেক্ষাপটে আবিষ্কৃত কয়লা ও গ্রানাইট ক্ষেত্র হতে গ্রানাইট উৎপাদনও একটি চ্যালেঞ্জ।

## ৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- সরকার ঘোষিত রূপকল্প ২০২১ এর আলোকে দেশজ প্রাথমিক জ্বালানি তথা গ্যাস ও কয়লা অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনে পেট্রোবাংলা হতে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে দেশের জ্বালানি সরবরাহ ও ব্যবহার বৃদ্ধি করতে হবে।
- দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা মেটানোর জন্য তেল, গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন মেয়াদে দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক সাইসমিক জরিপ, অনুসন্ধান কূপ, উন্নয়ন কূপ, ওর্য়াকওভার কূপ খননসহ বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ভারত ও মিয়ানমারের সাথে মামলার রায়ে নতুন সমুদ্র অঞ্চল অর্জনের ফলে বাংলাদেশের সমুদ্রাঞ্চলে তেল গ্যাস অনুসন্ধান চালানোর লক্ষ্যে ইতোমধ্যে কয়েকটি আন্তর্জাতিক তেল কোম্পানীর সাথে ৪টি অফসোর ব্লক এর জন্য উৎপাদন বন্টন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ সকল ব্লকে তেল ও গ্যাস অনুসন্ধান কার্যক্রম চলমান আছে।
- গ্যাসের ঘাটতি পূরণের লক্ষ্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে। মহেশখালীতে ভাসমান এলএনজি টার্মিনাল (FSRU) হতে জাতীয় গ্রীডে এলএনজি সরবরাহ শুরু হয়েছে। এছাড়া, মহেশখালীতে দ্বিতীয় ভাসমান এলএনজি টার্মিনাল এর কমিশনিং শীঘ্রই সম্পন্ন হবে। ইতোমধ্যে কক্সবাজারের মহেশখালী (সোনাদিয়ার উত্তর), কুতুবদিয়া এবং পটুয়াখালীর পায়রায় স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল স্থাপনের ফিজিবিলিটি স্টাডি কার্যক্রম সম্পন্ন হয়েছে। কক্সবাজারের মাতারবাড়ী-তে আরও একটি এলএনজি টার্মিনাল স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম হাতে নেয়া হচ্ছে।
- গ্যাস সঞ্চালন ক্ষমতা বৃদ্ধি ও এলএনজি আমদানির মাধ্যমে প্রাপ্তব্য গ্যাস পরিবহনের লক্ষ্যে বিভিন্ন স্থানে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। অন্যদিকে বড়পুকুরিয়া ভূগর্ভস্থ কয়লা খনির বর্তমান মাইনিং এরিয়া সম্প্রসারণের মাধ্যমে কয়লা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি প্রকল্প কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত স্টাডি রিপোর্টের ভিত্তিতে খনি সম্প্রসারণ তথা কয়লা উৎপাদন বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া, দীঘিপাড়া কয়লা ক্ষেত্র হতে কয়লা উত্তোলনের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে আরেকটি ফিজিবিলিটি স্টাডি প্রকল্প বাস্তবায়নাধীন আছে।

## ১০. সংস্থার ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০১৮-১৯ অর্থ বছরের মোট আয়, মোট ব্যয়, ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত/ সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | মোট আয় | ১১৯১৯৬.২৬ | ১০৯০৫৬.২২ | ১২৬১৭১.৮৫ | ১৩৯৩৩৬.৭৩ |
| ২. | মোট ব্যয় | ৩৫৩৯৮.৭৪ | ২৩৩৬৪.৩২ | ৩৩১৬২.৯৫ | ৬২৩৩৮.৭৬ |
| ৩. | ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ৮৩৭৯৭.৫২ | ৮৫৬৯১.৯০ | ৯৩০০৮.৯০ | ৭৬৯৯৭.৯৭ |

## ১১. বাজেট পর্যালোচনা

**ক. আয় ও ব্যয়**

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ব্যয়সমূহ প্রধানত এর অধীন কোম্পানিসমূহের উপর লেভি ধার্য করে মিটানো হয়। ২০১৮-১৯ অর্থবছরের ১৩৯৩.৩৭ কোটি টাকা মোট আয়ের মধ্যে লেভি প্রাপ্তির পরিমাণ ছিল ৩৯.১৩ কোটি টাকা এবং অবশিষ্টাংশ ব্যবসায়িক মুনাফা, সুদ ও অন্যান্য প্রাপ্তি। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে মোট আয়ের পরিমাণ হবে ১০৯০.৫৬ কোটি টাকা। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজটে লেভি প্রাপ্তির পরিমাণ ১.১৭ কোটি টাকা এবং মোট আয়ের পরিমাণ হবে ১১৯১.৯৬ কোটি টাকা। সংস্থার সকল ব্যয় মিটানোর পর ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে উদ্বৃত্ত থাকবে যথাক্রমে ৮৫৬.৯২ কোটি ও ৮৩৭.৯৮ কোটি টাকা।

**খ. তহবিল প্রবাহ**

সংস্থার প্রধান কার্যালয়ের ব্যয় উদ্বৃত্ত আয়, অবচয় ও অন্যান্য প্রাপ্তিসহ ২০১৮-১৯ অর্থবছরে বাজেটে মোট ৯৬৫০.৮৬ কোটি টাকার তহবিল সংগৃহীত হয় এবং এর বিপরীতে সরকারকে লভ্যাংশ পরিশোধ, দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ, স্থায়ী পরিচালন সম্পত্তিতে, অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ এবং সমাপনী ব্যাংক স্থিতির ফলে কোন উদ্বৃত্ত তহবিল ছিল না। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে ৯৯৩০.৭৪ কোটি টাকার তহবিলের বিপরীতে ৯৯৩০.৭৪ কোটি টাকার তহবিল প্রয়োগের ফলে কোন উদ্বৃত্ত তহবিল থাকবে না। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ৯৯৮৭.১৯ কোটি টাকার তহবিল সংগ্রহ প্রাক্কলন করা হলেও তহবিল প্রয়োগের পরেও কোন উদ্বৃত্ত তহবিল থাকবে না।

**গ. মূলধন কাঠামো**

৩০ জুন ২০১৯ তারিখে সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ ছিল ২৮৫২২.৯১ কোটি টাকা যার শতকরা ৭৩ ভাগ ঋণ ও ২৭ ভাগ মূলধন দ্বারা যোগান দেয়া হয়েছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ঋণ ও মূলধনের অনুপাত হবে যথাক্রমে ৭০:৩০ ও ৬৭:৩৩ এবং মোট সম্পদ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ২৮৫৮৫.৮৮ কোটি ও ২৮৬৩০.৮৫ কোটি টাকা।

**ঘ. রাষ্ট্রীয় কোষাগারে দেয়**

২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে পেট্রোবাংলা ৮০০.০০ কোটি টাকা করে সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ হিসাবে সরকারকে প্রদান করবে। ২০১৭- ১৮ অর্থবছরে সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশের পরিমাণ ছিল ৬৮২.১১ কোটি টাকা।

**ঙ. জনবল**

২০১৮-১৯ অর্থবছরে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে জনবল ছিল ৪৭৫ জন। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রত্যাশিত জনবলের সংখ্যা হবে যথাক্রমে ৪৬৩ জন ও ৫০৮ জন। ২০১৮-১৯ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৮,৭০,২২৯.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ হবে ১০,৫২,৫৩৮.০০ টাকা। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়ে হবে ১০,৮১,৮৪৪.০০ টাকা।

* পেট্রোবাংলার অধীন গ্যাস অনুসন্ধান, উৎপাদন, সঞ্চালন, বিতরণ ও রূপান্তর কাজে নিয়োজিত ১১টি কোম্পানি ও মাইনিং কাজে নিয়োজিত ২টি কোম্পানিসহ মোট ১৩টি কোম্পানির বাজেট অর্থ মন্ত্রণালয়ে পেশ না করায় তা এ বাজেট বইতে অন্তর্ভুক্ত করা হয়নি।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি - বিধান অনুসরণ করতে হবে।

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

### প্রধান কার্যালয়

### প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২০-২১

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| ১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ১১৭.৩২ | ৫২৫.২৮ | ২০০০.০০ | ৩৯১২.৯১ |
| ২ . সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ . বৈদেশিক অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . সেবার জন্য প্রাপ্য ফি | ১৬৭২৪.৭৫ | ১৬৬৪৩.০৯ | ১৮৬৪৮.০০ | ১২৫৬৬.০০ |
| ৭ . প্রকাশনা বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . ব্যবসায়িক মুনাফা | ৮০০০০.০০ | ৮০০০০.০০ | ৮৫০০০.০০ | ৬৮২১১.৩২ |
| ৯ . প্রাপ্য সুদ | ১৯১৬২.৯১ | ৮৭০১.৫৭ | ১৮৩২০.০০ | ৫১৪৬৯.৩৫ |
| ১০ . প্রাপ্য ভাড়া | ৫০০.০০ | ৫০০.০০ | ২৫০.০০ | ৪৯৭.৭৪ |
| ১১ . অন্যান্য | ২৬৯১.২৮ | ২৬৮৬.২৮ | ১৯৫৩.৮৫ | ২৬৭৯.৪১ |
| ১২ . মোট আয় | ১১৯১৯৬.২৬ | ১০৯০৫৬.২২ | ১২৬১৭১.৮৫ | ১৩৯৩৩৬.৭৩ |
| **ব্যয়** | | | | |
| ১৩ . বেতন ও ভাতাদি | ৫৪৯৫.৭৭ | ৪৮৭৩.২৫ | ৫৯৪২.৪৫ | ৪১৩৩.৫৯ |
| ১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড | ৬২৩০.০০ | ৬১৩০.০০ | ৫৩৩০.০০ | ৫২০৬.৮২ |
| ১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৩৮০.০০ | ৩৭৫.০০ | ৩৮২.০০ | ৩১০.৪২ |
| ১৬ . অবচয় | ৩৭০.০০ | ৩৬০.০০ | ৩৬০.০০ | ৩৪৯.৭০ |
| ১৭ . প্রশিক্ষণ | ৩০.০০ | ৩৫.০০ | ২৫.০০ | ৩০.৮১ |
| ১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য | ১৪৫.০০ | ১৪৫.০০ | ১৫০.০০ | ১২২.৮৫ |
| ১৯ . সমাজ কল্যাণ ব্যয় | ৪৮.৫০ | ৪৬.৫০ | ৪৬.৫০ | ৩৪.৮০ |
| ২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ০.০০ |
| ২১ . ভর্তুকি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . পরিশোধিতব্য সুদ | ১৮২৬২.৯১ | ৭৮০১.৫৭ | ১৭৪২০.০০ | ৫০২৮৯.৬৬ |
| ২৩ . অন্যান্য | ৪৪৩০.৫৬ | ৩৫৯২.০০ | ৩৫০১.০০ | ১৮৬০.১১ |
| ২৪ . মোট ব্যয় | ৩৫৩৯৮.৭৪ | ২৩৩৬৪.৩২ | ৩৩১৬২.৯৫ | ৬২৩৩৮.৭৬ |
| ২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত ) (টাকা) | ৩৩৭৩১৯৪.৮৮ | ৩৩৬১২৮৫.১০ | ২৬৮৬৫১০.২৪ | ২৫৩৬৬৫২.৬৩ |
| ২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ৮৩৭৯৭.৫২ | ৮৫৬৯১.৯০ | ৯৩০০৮.৯০ | ৭৬৯৯৭.৯৭ |

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

### প্রধান কার্যালয়

### প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২০-২১

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| **তহবিলের উৎস** | | | | |
| ১. প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি | ৮৬৯,১৪২.৯৬ | ৮৭৩,১২১.২২ | ৮৯৩,২২০.৯৩ | ৮৭০,০৩৭.২৫ |
| ২. ব্যয় উদ্বৃত্ত আয় | ৮৩,৭৯৭.৫২ | ৮৫,৬৯১.৯০ | ৯৩,০০৮.৯০ | ৭৬,৯৯৭.৯৭ |
| ৩. অবচয় | ৩৭০.০০ | ৩৬০.০০ | ৩৬০.০০ | ৩৪৯.৭০ |
| ৪. অন্যান্য (নগদ ব্যতীত) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. প্রাপ্য নতুন মূলধন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. প্রাপ্য ঋণ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয় | ৭০০.০০ | ৬০৫.০০ | ৭৫০.০০ | ৫৯৫.৫৫ |
| ৯. ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. অন্যান্য | ৪৪,৭০৮.২১ | ৩৩,২৯৬.০৪ | ৮,৫৮০.০০ | ১৭,১০৫.৪৪ |
| ১২. মোট তহবিল সংগ্রহ | ৯৯৮,৭১৮.৬৯ | ৯৯৩,০৭৪.১৬ | ৯৯৫,৯১৯.৮৩ | ৯৬৫,০৮৫.৯১ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ১৩. আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ৮০,০০০.০০ | ৮০,০০০.০০ | ৮৫,০০০.০০ | ৬৮,২১১.৩২ |
| ১৬. স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ | ৩,৭১২.৫২ | ৪,৩৭৫.১৬ | ৪,৪৯৩.৪৩ | ৬,৯৫৭.২৩ |
| ১৭. অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮. দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ৪৪,৭০৮.২১ | ৩৩,২৯৬.০৪ | ৮,৫৮০.০০ | ১০,৮১০.৫৪ |
| ১৯. মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ৫,২০০.০০ | ৫,২০০.০০ | ৫,২০০.০০ | ৫,২০০.০০ |
| ২০. সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি | ৮৬৩,৯৩৭.৯৬ | ৮৬৯,১৪২.৯৬ | ৮৯১,১০৫.৪০ | ৮৭৩,১২১.২২ |
| ২১. অন্যান্য | ১,১৬০.০০ | ১,০৬০.০০ | ৯১৫.০০ | ৭৮৫.৬০ |
| ২২. মোট তহবিল প্রয়োগ | ৯৯৮,৭১৮.৬৯ | ৯৯৩,০৭৪.১৬ | ৯৯৫,২৯৩.৮৩ | ৯৬৫,০৮৫.৯১ |
| ২৩. নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ০.০০ | ০.০০ | ৬২৬.০০ | ০.০০ |

**বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন**

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২১** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট<br>৩০ জুন<br>২০২১ | সংশোধিত<br>৩০ জুন<br>২০২০ | প্রকৃত<br>৩০ জুন<br>২০১৯ |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ২০০৩৪৪.৫৭ | ২০০৩৪৪.৫৭ | ২০০৩৪৪.৫৭ |
| ২. সংরক্ষিত তহবিল | ৭৪৪৪৫৮.৯০ | ৬৬০৬৬১.৩৮ | ৫৭৪৯৬৯.৪৮ |
| ৩. ইক্যুইটি | ৯৪৪৮০৩.৪৭ | ৮৬১০০৫.৯৫ | ৭৭৫৩১৪.০৫ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | -৭৬৪২৯.০১ | -৩১৭২০.৮০ | ১৫৭৫.২৪ |
| ৫. চলতি দায় | ১৯৯৪৭১১.০০ | ২০২৯৩০২.৭৯ | ২০৭৫৪০১.৭৫ |
| ৬. মোট দায় | ১৯১৮২৮১.৯৯ | ১৯৯৭৫৮১.৯৯ | ২০৭৬৯৭৬.৯৯ |
| ৭. মোট তহবিল | ২৮৬৩০৮৫.৪৬ | ২৮৫৮৫৮৭.৯৪ | ২৮৫২২৯১.০৪ |
| **মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ৬৭ : ৩৩ | ৭০ : ৩০ | ৭৩:২৭ |
| ৯. চলতি অনুপাত | ১.৪৩ : ১ | ১.৪০ : ১ | ১.৩৭ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ১.৮২ : ১ | ১.৭৫ : ১ | ১.৩৭ : ১ |
| **সম্পত্তিসমূহ** | | | |
| ১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি | ১৬০১৮.০১ | ১২৩০৫.৪৯ | ৭৯৩০.৩৩ |
| ১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয় | ৫১৫৭.৭০ | ৪৭৮৭.৭০ | ৪৪২৭.৭০ |
| ১৩. নীট স্থাবর সম্পত্তি | ১০৮৬০.৩১ | ৭৫১৭.৭৯ | ৩৫০২.৬৩ |
| ১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি | ৪১৫৮.০৪ | ৪১৫৮.০৪ | ৪১৫৮.০৪ |
| ১৫. চলতি সম্পদ | ২৮৪৮০৬৭.১১ | ২৮৪৬৯১২.১১ | ২৮৪৪৬৩০.৩৭ |
| ১৬. মোট সম্পদ | ২৮৬৩০৮৫.৪৬ | ২৮৫৮৫৮৭.৯৪ | ২৮৫২২৯১.০৪ |

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

### সরকারি কোষাগারে দেয়  ২০২০-২১

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| ১. আমদানি শুল্ক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. আমদানির উপর বিক্রয় কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. আমদানির অনুমতি ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. বিক্রয়ের উপর আবগারি শুল্ক/ভ্যাট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. বিক্রয় কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. সরকারি ঋণের সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ৮০,০০০.০০ | ৮০,০০০.০০ | ৮৫,০০০.০০ | ৬৮,২১১.৩২ |
| ৯. রপ্তানি কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. সড়ক নির্মাণ কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. লাইসেন্স ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. উনণয়ন ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. মোট | ৮০,০০০.০০ | ৮০,০০০.০০ | ৮৫,০০০.০০ | ৬৮,২১১.৩২ |

**বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন**

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

| **কর্মীর সংখ্যা** | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কর্মীর শ্রেণি** | **বাজেট ২০২০-২১** | | | **সংশোধিত বাজেট ২০১৯-২০** | | | **প্রকৃত ২০১৮-১৯** | | **বাজেট ২০২০-২১** | | | |
| | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** | **১২** | **১৩** |
| ১ . কর্মচারী (গ্রেড ১-৫) | ৩১০ | ১৮৭ | ২১২ | ৩১০ | ১৮৭ | ১৮৭ | ৩১০ | ২০২ | ২,২৩৪.৯৮ | ৮৬১.৭০ | ৩,০৯৬.৬৮ | ১,৪৬০,৬৯৮ |
| ২ . কর্মচারী (গ্রেড ৬-৯) | ৩৪২ | ২১০ | ২৫০ | ৩৪২ | ২১০ | ২৩০ | ৩৪২ | ২২৭ | ১,২৬৮.৯৪ | ১,০১৬.১৫ | ২,২৮৫.০৯ | ৯১৪,০৩৬ |
| ৩ . কর্মচারী (গ্রেড ১০) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৪ . উপ-মোট (১+২+৩) | ৬৫২ | ৩৯৭ | ৪৬২ | ৬৫২ | ৩৯৭ | ৪১৭ | ৬৫২ | ৪২৯ | ৩,৫০৩.৯২ | ১,৮৭৭.৮৫ | ৫,৩৮১.৭৭ | ১,১৬৪,৮৮৫ |
| ৫ . কর্মচারী(গ্রেড ১১-২০) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৬ . দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৭ . আধা-দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৮ . অদক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৯ . অনিয়মিত শ্রমিক | ০ | ৪৬ | ৪৬ | ০ | ৪৬ | ৪৬ | ০ | ৪৬ | ১১৪.০০ | ০.০০ | ১১৪.০০ | ২৪৭,৮২৬ |
| ১০ . উপ-মোট (৫+...+৮) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১১ . মোট (৪+৯+১০) | ৬৫২ | ৪৪৩ | ৫০৮ | ৬৫২ | ৪৪৩ | ৪৬৩ | ৬৫২ | ৪৭৫ | ৩,৬১৭.৯২ | ১,৮৭৭.৮৫ | ৫,৪৯৫.৭৭ | ১,০৮১,৮৪৪ |

**বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন**

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

| বেতন ও ভাতাদি (লাখ টাকায়) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সংশোধিত বাজেট ২০১৯-২০ | | | | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | | | | প্রকৃত ২০১৮-১৯ | | | |
| মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ২,০৫৮.৯৬ | ৭৫৩.১৮ | ২,৮১২.১৪ | ১৫০৩৮১৮ | ২,৫৪১.৬৪ | ১,৩১৫.০০ | ৩,৮৫৬.৬৪ | ১৫৮০৫৯০ | ১,৬৮৯.৯৭ | ৬৬১.৪২ | ২,৩৫১.৩৯ | ১১৬৪০৫৪ |
| ১,০২২.৭৫ | ৯২৬.৩৬ | ১,৯৪৯.১১ | ৮৪৭৪৩৯ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ৯৩৫.১৮ | ৭৪৩.২৭ | ১,৬৭৮.৪৫ | ৭৩৯৪০৫ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৩,০৮১.৭১ | ১,৬৭৯.৫৪ | ৪,৭৬১.২৫ | ১১৪১৭৮৭ | ২,৫৪১.৬৪ | ১,৩১৫.০০ | ৩,৮৫৬.৬৪ | ১৫৮০৫৯০ | ২,৬২৫.১৫ | ১,৪০৪.৬৯ | ৪,০২৯.৮৪ | ৯৩৯৩৫৭ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ১,২৬৯.৫৭ | ৭২১.২৪ | ১,৯৯০.৮১ | ৬৮১৭৮৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১১২.০০ | ০.০০ | ১১২.০০ | ২৪৩৪৭৮ | ১৩০.০০ | ০.০০ | ১৩০.০০ | ২৬০০০০ | ১০৩.৭৫ | ০.০০ | ১০৩.৭৫ | ২২৫৫৪৩ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ১,২৬৯.৫৭ | ৭২১.২৪ | ১,৯৯০.৮১ | ৬৮১৭৮৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৩,১৯৩.৭১ | ১,৬৭৯.৫৪ | ৪,৮৭৩.২৫ | ১০৫২৫৩৮ | ৩,৯৪১.২১ | ২,০৩৬.২৪ | ৫,৯৭৭.৪৫ | ১০২০০৪৩ | ২,৭২৮.৯০ | ১,৪০৪.৬৯ | ৪,১৩৩.৫৯ | ৮৭০২২৯ |

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

(তফসিল-ক)

**অন্যান্য ব্যয়ের তালিকা : (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৩১১১৩২৭ | অধিকাল ব্যয় ... | ২২৫.০০ | ২২০.০০ | ২২০.০০ | ২১৪.২২ |
| ২. | ৩২৫৭৩০২ | চিকিৎসা খরচ ... | ৫০.০০ | ৪৫.০০ | ৪৫.০০ | ৪৪.১২ |
| ৩. | ৩২৫৬১০৬ | পোশাক পরিচ্ছদ ... | ১২০.০০ | ৯৫.০০ | ৯৫.০০ | ৮৬.৬৮ |
| ৪. | ১১১১১০১ | কর্মচারীদের আয়কর ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. | ৩২৪১১০১ | ভ্রমণ ও যাতায়ত ব্যয় ... | ৫০.০০ | ৫০.০০ | ৪৩.০০ | ৪৬.৪৯ |
| ৬. | ৩২৫৫১০৫ | মুদ্রণ ও মনিহারি ... | ৫৫.০০ | ৫৫.০০ | ৫৫.০০ | ৪৪.০৬ |
| ৭. | | খাজনা, ভাড়া ও কর ... | ১০০.০০ | ২৩৩.০০ | ১০০.০০ | ২৮৩.৩৮ |
| ৮. | ৩২১১১১৩ | বিদ্যুৎ ... | ৮০.০০ | ৮০.০০ | ৭০.০০ | ৭১.৯৩ |
| ৯. | ৩২১১১২০ | ডাক, তার, টেলিফোন ও টেলেক্স ... | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ১৪.৪৭ |
| ১০. | ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ... | ৫০.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ৩৯.৪০ |
| ১১. | ৩২১১১১০ | আইন খরচ ... | ১৪০.০০ | ১২০.০০ | ১৪০.০০ | ৮১.৯৯ |
| ১২. | ৩২২১১০১ | অডিট ফি ... | ৮.০০ | ৮.০০ | ৮.০০ | ২.০০ |
| ১৩. | | কর্মচারীদের জন্য বাস ভাড়া ... | ২৩২.০৬ | ১৪০.০০ | ১৪০.০০ | ১২৫.০০ |
| ১৪. | ৩৮২১১১৬ | বিমা (সাধারণ) ... | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ | ২৬.৯৯ |
| ১৫. | ৩২২১১০৮ | ব্যাংক চার্জ ... | ১৫.০০ | ১৫.০০ | ১৫.০০ | ৮.৩০ |
| ১৬. | ৩২১১১০৬ | বিদেশী অতিথি আপ্যায়ন ... | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ০.০০ |
| ১৭. | ৩২১১১০৬ | আপ্যায়ন (বোর্ড ) ... | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ১৬.১০ |
| ১৮. | ৩১১১৩৩২ | সম্মানী ... | ১৮.০০ | ১৮.০০ | ১৫.০০ | ১০.৭৮ |
| ১৯. | | ব্যবসা উন্নয়ন ব্যয় ... | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ০.৩১ |
| ২০. | ৩২১১১১১ | সেমিনার/প্রদর্শনী ... | ১.০০ | ১.০০ | ১.০০ | ০.০০ |
| ২১. | ৩২১১১১২ | কল্যান ও অনুদান ... | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ০.০০ |
| ২২. | ৩২১১১০২ | ধোলাই খরচ ... | ১.০০ | ১.০০ | ১.০০ | ০.০০ |
| ২৩. | ৩২১১১২৭ | পত্রিকা ও সাময়িকী ... | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৪.২৯ |
| ২৪. | | পিএসসি সংক্রান্ত ব্যয় (তফসিল-খ) ... | ২৯১৫.০০ | ২১৫১.০০ | ১৯৯৮.০০ | ৬৮২.২০ |
| ২৫. | ৩২১১১২৭ | বইপত্র ... | ১.০০ | ১.০০ | ১.০০ | ০.০০ |
| ২৬. | | তৈজসপত্র/ক্রোকারিজ ... | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ১.২৩ |
| ২৭. | | কর্পোরেট ট্যাক্স ... | ০.০০ | ০.০০ | ২০০.০০ | ০.০০ |
| ২৮. | | আনুষঙ্গিক/বিবিধ খরচ (তফসিল-জ) ... | ২৬৬.৫০ | ২০৬.০০ | ২০৬.০০ | ৫৫.৩৩ |
| ২৯. | | জ্বালানি নিরাপত্তা দিবস উদযাপন ব্যয় ... | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ০.৮৪ |
| | | **মোট ...** | **৪৪৩০.৫৬** | **৩৫৯২.০০** | **৩৫০১.০০** | **১৮৬০.১১** |

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

(তফসিল -খ)

**পিএসসি সংক্রান্ত ব্যয়ের বিস্তারিত তালিকা (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| | | রাজস্ব | | | | | |
| ১. | | উপদেষ্টা/পরামর্শক ফি ব্যয় | | | | | |
| | ৩২৫৭১০১ | ক. দেশিয় | ... | ২০.০০ | ৫.০০ | ২০.০০ | ০.০০ |
| | ৩২৫৭১০১ | খ. বৈদেশিক | ... | ৫০.০০ | ১০.০০ | ৬৫০.০০ | ০.০০ |
| ২. | | জার্নাল/সাময়িকী/সদস্য পদ ফি | | | | | |
| | ৩২১১১২৭ | ক. দেশিয় | ... | ০.০০ | ০.০০ | ৩.০০ | ০.০০ |
| | ৩২১১১২৭ | খ. বৈদেশিক | ... | ০.০০ | ০.০০ | ৫.০০ | ০.০০ |
| ৩. | | আপ্যায়ন | | | | | |
| | ৩২১১১০৬ | ক. দেশিয় | ... | ৪০.০০ | ১০.০০ | ২৫.০০ | ০.০০ |
| | ৩২১১১০৬ | খ. বৈদেশিক | ... | ৭০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ১.১১ |
| ৪. | | ভ্রমণ, যাতায়াত ও হোটেল খরচ | | | | | |
| | ৩২৪১১০১ | ক. দেশিয় | ... | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০০ |
| | ৩২৪২১০১ | খ. বৈদেশিক | ... | ১০০.০০ | ৯০.০০ | ৯০.০০ | ৬৪.৮৩ |
| ৫. | ৩২১১১১০ | আইন খরচ | ... | ২,০০০.০০ | ১,৫০০.০০ | ৫০০.০০ | ২২৩.৭৩ |
| ৬. | ৩১১১৩৩২ | সম্মানী | ... | ৫.০০ | ৫.০০ | ২০.০০ | ০.৫৪ |
| ৭. | ৩২৫৭১০৩ | গবেষণা/সমীক্ষা | ... | ৫.০০ | ১.০০ | ৫.০০ | ০.০০ |
| ৮. | ৩৭২১১০৮ | বিপিআই-কে অনুদান | ... | ৮০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ৮০.০০ |
| ৯. | | সাঙ্গু গ্যাস ক্ষেত্রের রক্ষণাবেক্ষণ ব্যয় | ... | ২৫.০০ | ০.০০ | ১৯০.০০ | ১১.৯৯ |
| ১০. | ৩২৩১১০১ | প্রশিক্ষণ (বৈদেশিক সাহায্যপুষ্ট) | ... | ৫০০.০০ | ৪০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১১. | | বিবিধ | ... | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ০.০০ |
| | | **মোট** | ... | **২,৯১৫.০০** | **২,১৫১.০০** | **১,৯৯৮.০০** | **৬৮২.২০** |

(তফসিল -গ)

**মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৩২৫৮১০৮ | ভবন/দালান | ... | ১৭৫.০০ | ১৭৫.০০ | ১৭৫.০০ | ১৬৩.৩৯ |
| ২. | ৩২৫৮১০১ | গাড়ি ও মোটর সাইকেল | ... | ৭০.০০ | ৬৫.০০ | ৭২.০০ | ৪৩.৮৭ |
| ৩. | ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জাম (সফটওয়ার) | | ১১০.০০ | ১১০.০০ | ১১০.০০ | ৮৬.৩০ |
| ৪. | ৩২৫৮১০২ | আসবাবপত্র ও অন্যান্য | ... | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ১৬.৮৬ |
| | | **মোট** | ... | **৩৮০.০০** | **৩৭৫.০০** | **৩৮২.০০** | **৩১০.৪২** |

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

(তফসিল -ঘ)

সমাজ কল্যাণ ব্যয় (প্রধান কার্যালয়) (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৩৮২১১০৮ | ঈদ-ই মিলাদুন্নবী | ... | ২.৫০ | ২.৫০ | ২.৫০ | ২.০০ |
| ২. | ৩৮২১১১৫ | বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান | ... | ২০.০০ | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ |
| ৩. | ৩৮২১১০৮ | Prayer রুম | ... | ১.০০ | ১.০০ | ১.০০ | ০.০৫ |
| ৪. | ৩৮২১১১৭ | বৃত্তি ও পুরস্কার | ... | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ১৪.৭৫ |
| *৫. | | সিএসআর | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | **মোট** | ... | **৪৮.৫০** | **৪৬.৫০** | **৪৬.৫০** | **৩৪.৮০** |

* বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যয় করা যাবে।

(তফসিল -ঙ)

**পরিচালন স্থাবর সম্পত্তিতে বিনিয়োগ (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | | ইমারত : | | | | | |
| | ৪১১১১০১ | ক. বনানী হাউজিং কমপ্লেক্স | | ৭৪.০০ | ৩০.৫০ | ২২৪.০০ | ০.০০ |
| | ৪১১১৩১৭ | খ. পেট্রোসেন্টার | | ৫২৬.০০ | ৯০.০০ | ১০০.০০ | ৪.৩৫ |
| ২. | ৪১১২১০১ | যানবাহন/গাড়ি | ... | ১০০০.০০ | ০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ৩. | ৪১১২৩১০ | অফিস সরঞ্জাম | ... | ৪০.০০ | ৪০.০০ | ৩০.০০ | ৩৬.৪৫ |
| ৪. | ৪১১২৩১৪ | অফিস আসবাবপত্র | ... | ২০.০০ | ৩০.০০ | ১০.০০ | ২৮.৭২ |
| ৫. | | পি এস সি সংক্রান্ত মূলধনী ব্যয় | ... | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ০.০০ |
| ৬. | ৪১১২২০৫ | বিবিধ মূলধন খরচ (পূর্ত কাজ) | ... | ৪৬৬.০০ | ১০.০০ | ৫০.০০ | ৬.২৪ |
| ৭. | | নিজস্ব অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্পসমূহ* | ... | ১৫৮১.৫২ | ৪১৬৯.৬৬ | ৩৯৭৪.৪৩ | ৬৮৮১.৪৭ |
| | | **মোট মূলধন খরচ** | ... | **৩৭১২.৫২** | **৪৩৭৫.১৬** | **৪৪৯৩.৪৩** | **৬৯৫৭.২৩** |

**ঋণ ও অগ্রিম (প্রধান কার্যালয়)** (তফসিল -চ)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৭২১৫১০৫ | মোটর সাইকেল/সাইকেল | ১৫০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ২. | ৭২১৫১০১ | ভূমি ক্রয়/গৃহনির্মাণ | ১০০০.০০ | ৯০০.০০ | ৮০০.০০ | ৬৮৫.০০ |
| ৩. | ৭২১৫১০২ | কম্পিউটার | ১০.০০ | ১০.০০ | ১৫.০০ | ০.৬০ |
| | | **মোট** | **১১৬০.০০** | **১০৬০.০০** | **৯১৫.০০** | **৭৮৫.৬০** |

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

(তফসিল -ছ)

**অন্যান্য প্রাপ্তি (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১৪২২৩২৮ | টেন্ডার ফরম ও স্ক্রেপ মেটেরিয়াল বিক্রি | ২০.০০ | ১৫.০০ | ২৫.০০ | ৮.১৩ |
| ২. | | পিএসসি সার্ভিস ফি | ১১২৫.৪৬ | ১১২৫.৪৬ | ৭৮৯.৫৬ | ১১২৫.৪৬ |
| ৩. | | পিএসসি ট্রেনিং গ্রান্ট | ৯৩৩.৫০ | ৯৩৩.৫০ | ৫৩৯.১৮ | ৯৩৩.৫০ |
| ৪. | | পিএসসি রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট | ৬১২.৩২ | ৬১২.৩২ | ৬০০.১১ | ৬১২.৩২ |
| ৫. | | আইওসি অপারেশন হতে প্রাপ্ত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | **মোট** | **২৬৯১.২৮** | **২৬৮৬.২৮** | **১৯৫৩.৮৫** | **২৬৭৯.৪১** |

(তফসিল -জ)

**আনুষঙ্গিক/বিবিধ খরচ (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৩২২১১১২ | নিয়োগ সংক্রান্ত পরীক্ষা গ্রহণ ও আনুষঙ্গিক খরচ। | ১৫০.০০ | ১০০.০০ | ১৫০.০০ | ৩৩.২০ |
| ২. | | শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত। | ১০.০০ | ১০.০০ | ৮.০০ | ৩.০৩ |
| ৩. | | অগ্নি নির্বাপক যন্ত্রের ফিলিং চার্জ, ইউপিএস এর ব্যাটারী, কম্পিউটার এবং অন্যান্য। | ৪০.০০ | ৪০.০০ | ৩২.০০ | ১৬.৪৩ |
| ৪. | | মহান বিজয় দিবস, স্বাধীনতা দিবস এবং অন্যান্য দিবস উদযাপন। | ৬৬.৫০ | ৫৬.০০ | ১৬.০০ | ২.৬৭ |
| | | **মোট** | **২৬৬.৫০** | **২০৬.০০** | **২০৬.০০** | **৫৫.৩৩** |

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

(তফসিল-ঝ)

**বেতন ও ভাতাদির তালিকা : (প্রধান কার্যালয়)** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৩১১১১০১ | কর্মচারীদের বেতন (গ্রেড- ১-১০) | ... | ২২৩৪.৯৮ | ২০৫৮.৯৬ | ২৫৪১.৬৪ | ১৬৮৯.৯৭ |
| ২. | ৩১১১২০১ | কর্মচারীদের বেতন (গ্রেড-১১-২০) | ... | ১২৬৮.৯৪ | ১০২২.৭৫ | ১২৬৯.৫৭ | ৯৩৫.১৮ |
| ৩. | ৩১১১৩১০ | কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা (গ্রেড ১-১০) | ... | ৬৩৭.৫৮ | ৫৩০.৩১ | ৬৬১.৩৫ | ৪৮৪.৫৭ |
| ৪. | ৩১১১৩১০ | কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা (গ্রেড ১১-২০) | ... | ২৮২.৫৩ | ২৩৫.০০ | ৩০৩.৪৪ | ২১৩.৬৩ |
| ৫. | | মহার্ঘ ভাতা | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. | | অনিয়মিত শ্রমিকের মুজরি | ... | ১১৪.০০ | ১১২.০০ | ১১৫.০০ | ১০৩.৭৫ |
| ৭. | | কর্মচারীদের যাতায়াত ভাতা | ... | ৯.০০ | ৮.২৮ | ৭.৯১ | ৬.৭৩ |
| ৮. | ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | ... | ৩২.৪৫ | ২৬.৯৯ | ৩৫.০০ | ২৪.৫৪ |
| ৯. | | আপ্যায়ন ভাতা | ... | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ০.৫৮ |
| ১০. | ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ... | ৮৩.১৬ | ৭৫.২৪ | ৯২.১৬ | ৭৪.৬৮ |
| ১১. | ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ... | ৩২.৬৪ | ৩০.৪৮ | ৩২.৫৫ | ২৫.৭৬ |
| ১২. | ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ... | ৬.০০ | ৫.৫৭ | ৫.৮৭ | ৪.৪৮ |
| ১৩. | ৩১১১৩২৫ | উৎসব বোনাস | ... | ২৯০.০০ | ২৪০.০০ | ৩৪৯.০০ | ২১৮.১৭ |
| ১৪. | | *উৎসাহ বোনাস | ... | ২৯০.০০ | ২৪০.০০ | ২৪৬.৯৬ | ২২১.৮৬ |
| ১৫. | | গোষ্ঠী বিমা | ... | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৩৮.১০ |
| ১৬. | ৩১১১৩২৮ | শ্রান্তি বিনোদন ভাতা | ... | ৩১.৫৭ | ১১৪.৩০ | ১০২.০০ | ২৩.৫১ |
| ১৭. | | গ্যাস ভাতা | ... | ৫৮.০০ | ৫২.০০ | ৬৫.০০ | ৫১.২৯ |
| ১৮. | ৩১১১১৩৩৮ | অন্যান্য ভাতা | ... | ২১.৯২ | ১৮.৩৭ | ১২.০০ | ১৬.৭৯ |
| | | **মোট** | ... | **৫৪৯৫.৭৭** | **৪৮৭৩.২৫** | **৫৯৪২.৪৫** | **৪১৩৩.৫৯** |

* উৎসাহ বোনাসের বিপরীতে বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্বানুমোদন অবশ্যই গ্রহণ করতে হবে।

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

### ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (সংস্থার নিজস্ব তহবিল)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | অনুমোদনের পর্যায় | বাস্তবায়ন কাল (অর্থ বছর) | প্রকল্প অর্থায়নের উৎস | | প্রকল্পের অনুমোদিত ব্যয় | | | | | ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত ক্রমপঞ্জিভূত ব্যয় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নিজস্ব অর্থ | অন্যান্য (ব্যাংক/ /সরবরাহ ঋণ, ডাউনপেমেন্ট ইত্যাদি) | বৈদেশিক মুদ্রা | স্থানীয় মুদ্রা | মোট ৮=৬+৭ | মেশিনারি/ যন্ত্রপাতি ইত্যাদি ব্যয় | অন্যান্য ব্যয় | বৈদেশিক মুদ্রা | স্থানীয় মুদ্রা | মোট ১৩=১১+১২ | মেশিনারি/ যন্ত্রপাতি ইত্যাদি ব্যয় | অন্যান্য ব্যয় |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮=৯+১০ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩=১৪+১৫ | ১৪ | ১৫ |
| ১. | Feasibility Study for Granite Slab Preparation & Enhancement of stone production by Expansion of Maddhapara Mine project. | অনুমোদিত | নভেম্বর ২০১৭ হতে আগস্ট ২০১৯ | নিজস্ব অর্থ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৩৭৮৪.৪১ | ৩৭৮৪.৪১ | ০.০০ | ০.০০ |
| ২. | Technoeconomic Feasiblity Study & Engineeiring Service for Constrution of Land based LNG Teminal at Moheshikhali & Kutubdia, Cox's Bazar & Payra. | অনুমোদিত | জানুয়ারি ২০১৭ হতে সেপ্টেম্বর ২০১৯ | নিজস্ব অর্থ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭৫৪০.৯৫ | ৭৫৪০.৯৫ | ০.০০ | ০.০০ |
| ৩. | Technoeconomic Feasiblity Study, Engineeiring Services & Tender Management Services for Constrution of a Land based LNG Terminal at Matarbari Cox's Bazar | অনুমোদিত | জানুয়ারি ২০২০ হতে জানুয়ারি ২০২২ | নিজস্ব অর্থ | ... | ১০৩৭.৩৯ | ৫৪৪.১৩ | ১৫৮১.৫২ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | **মোট :** | | | | | **১০৩৭.৩৯** | **৫৪৪.১৩** | **১৫৮১.৫২** | **০.০০** | **০.০০** | **০.০০** | **১১৩২৫.৩৬** | **১১৩২৫.৩৬** | **০.০০** | **০.০০** |

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (সংস্থার নিজস্ব তহবিল)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরের অনুমোদিত ব্যয় | | | ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ব্যয় | | | ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৈদেশিক মুদ্রা | স্থানীয় মুদ্রা | মোট | বৈদেশিক মুদ্রা | স্থানীয় মুদ্রা | মোট | বৈদেশিক মুদ্রা | স্থানীয় মুদ্রা | মোট |
| | ১ | ১৬ | ১৭ | ১৮=১৬+১৭ | ১৯ | ২০ | ২১=১৯+২০ | ২২ | ২৩ | ২৪=২২+২৩ |
| ১. | Feasibility Study for Granite Slab Preparation & Enhancement of stone production by Expansion of Maddhapara Mine project. | ০.০০ | ৯৫০.০০ | ৯৫০.০০ | ০.০০ | ৯৪১.৪৯ | ৯৪১.৪৯ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. | Technoeconomic Feasiblity Study & Engineeiring Service for Constrution of Land based LNG Teminal at Moheshikhali & Kutubdia, Cox's Bazar & Payra. | ০.০০ | ৩০২৪.৪৩ | ৩০২৪.৪৩ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. | Technoeconomic Feasiblity Study, Engineeiring Services & Tender Management Services for Constrution of a Land based LNG Terminal at Matarbari Cox's Bazar | ০.০০ | ০.০০ | ০.০০ | ২০১৫.৬৩ | ১২১২.৫৪ | ৩২২৮.১৭ | ১০৩৭.৩৯ | ৫৪৪.১৩ | ১৫৮১.৫২ |
| | **মোট :** | **০.০০** | **৩৯৭৪.৪৩** | **৩৯৭৪.৪৩** | **২০১৫.৬৩** | **২১৫৪.০৩** | **৪১৬৯.৬৬** | **১০৩৭.৩৯** | **৫৪৪.১৩** | **১৫৮১.৫২** |

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

দীর্ঘমেয়াদি ঋণ ও ব্যাংক দায় বিবরণী (ইউনিট সমূহ)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | সাময়িক ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | | বৈদেশিক ঋণ (পরিশোধিতব্য) | | | | | |
| | ৮২৩১১০১ | ক. আসল | ... | ১৩৭৪৮.৯৬ | ৩২৪৩.১৩ | ৬২৪০.০০ | ৪৩৪৪.৩০ |
| | ৩৪১১১০১ | খ. সুদ | ... | ৩৭৩০.২৬ | ৩৯০৯.০৩ | ১৪০৪০.০০ | ৩২৭৪৭.৬৬ |
| ২. | | বৈদেশিক ঋণ (বকেয়া) | | | | | |
| | | ক. আসল | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. | | সরকারি ঋণ (পরিশোধিতব্য) | | | | | |
| | ৮১৩১৪০১ | ক. আসল | ... | ৩০৯৫৯.২৫ | ৩০০৫২.৯১ | ২৩৪০.০০ | ৬৪৬৬.২৪ |
| | ৩৪২১৬০২ | খ. সুদ | ... | ১৪৫৩২.৬৫ | ৩৮৯২.৫৪ | ৩৩৮০.০০ | ১৭৫৪২.০০ |
| ৪. | | সরকারি ঋণ (বকেয়া) | | | | | |
| | | ক. আসল | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. | | ব্যাংক ঋণ (পরিশোধিতব্য) | | | | | |
| | | ১. দীর্ঘমেয়াদি | | | | | |
| | | ক. আসল | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | ২. স্বল্পমেয়াদি | | | | | |
| | | ক. আসল | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. | | ব্যাংক ঋণ (বকেয়া) | | | | | |
| | | ১. দীর্ঘমেয়াদি | | | | | |
| | | ক. আসল | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | ২. স্বল্পমেয়াদি | | | | | |
| | | ক. আসল | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | **মোট** | ... | **৬২৯৭১.১২** | **৪১০৯৭.৬১** | **২৬০০০.০০** | **৬১১০০.২০** |

(কর্পোরেশন হতে প্রাপ্ত হিসাব অনুযায়ী)

দীর্ঘমেয়াদি ঋণের বিবরণী

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | | | ৩০-০৬-১৯ পর্যন্ত বকেয়া | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | আদায় ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| | | দীর্ঘমেয়াদি ঋণের বিবরণী | | ১১৫৩১১২.১৫ | | | |
| ১. | | আসল | ... | ০.০০ | ৪৫৭৭৩.৩৬ | ৪৩৫৬৩.৬৮ | ১১৭৩৬.০০ |
| ২. | | সুদ | ... | ০.০০ | ৬৬৪৩১.৪০ | ৪৫৮৭৮.৩১ | ২৮৭০৫.০০ |
| | | **মোট** | ... | **১১৫৩১১২.১৫** | **১১২২০৪.৭৬** | **৮৯৪৪১.৯৯** | **৪০৪৪১.০০** |

(ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, ডিএসএল অধিশাখা-হতে প্রাপ্ত)